

# প্রধান শিক্ষক নিয়োগের জট খুলবে জুলাইয়ে : শিক্ষামন্ত্রী

নোয়াখালী প্রতিনিধি

২৩ জুন ২০২৬, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

**আমাদের সময়**

নোয়াখালীতে শিক্ষাব্যবস্থায় বড় ধরনের সংস্কার ও বৈষম্য দূরীকরণের ঘোষণা দিয়েছেন শিক্ষামন্ত্রী এহছানুল হক মিলন। তিনি জানান, মাদ্রাসা ও সাধারণ শিক্ষার কমন বিষয়গুলোতে একই প্রশ্নপত্রে পরীক্ষা নেওয়া হবে এবং শিক্ষা খাতে বিদ্যমান বৈষম্য ধীরে ধীরে দূর করা হবে। এ ছাড়া আগামী জুলাইয়ের মধ্যে প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নিয়োগে দীর্ঘদিনের জটিলতার সমাধান হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। এরপর তিন মাসের মধ্যে আরও ৫০ হাজার শিক্ষক নিয়োগ দেওয়া হবে বলেও জানান তিনি।

গতকাল নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০তম বিশ্ববিদ্যালয় দিবসের অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। তিনি বলেন, মাদ্রাসা শিক্ষায় আধুনিকায়ন করে কারিগরি শিক্ষা যুক্ত করা হচ্ছে এবং ষষ্ঠ শ্রেণি থেকেই দক্ষতাভিত্তিক শিক্ষা চালুর

পরিকল্পনা নেওয়া হয়েছে। পাশাপাশি ৯টি সাধারণ শিক্ষা বোর্ডে একযোগে অভিন্ন প্রশ্নে এইচএসসি পরীক্ষা নেওয়ার উদ্যোগ চলছে।